টাঙ্গাইলে নিখোঁজের পাঁচদিন পর নদী থেকে আইনজীবীর লাশ উদ্ধার

নিখোঁজের ৫ দিন পর কৃষক শ্রমিক জনতা লীগের প্রতিষ্ঠাতাকালিন কেন্দ্রীয় কমিটির অন্যতম সদস্য মুক্তিযোদ্ধা ও প্রবীণ আইনজীবী মিঞা মোঃ হাসান আলী রেজার লাশ উদ্ধার করেছে পুলিশ।

শনিবার দুপুর ১২টার দিকে টাঙ্গাইল জেলা আবহাওয়া অফিসের পেছনে পৌর শহরের উপর দিয়ে বয়ে যাওয়া লৌহজং নদী থেকে পুলিশ তার গলিত লাশ উদ্ধার করে।

এর আগে গত ৮ জুলাই সন্ধ্যায় তিনি বাসা থেকে বের হয়ে নিখোঁজ হন। তাকে সম্ভাব্য সব স্থানে খোঁজ করেও পাওয়া যায়নি। এ ঘটনায় টাঙ্গাইল মডেল থানায় জিডি করে তার পরিবার।

পুলিশ জানায়, দুপুরে স্থানীয়দের কাছ থেকে খবর পেয়ে লৌহজং নদীতে ভাসমান অবস্থায় পুলিশ তার লাশ উদ্ধার করে। লাশ গলে ও ফুলে যাওয়ায় শনাক্ত করা যাচ্ছিল না। এ সময় নিহতের ছেলে রাশেদুল হাসান টিটু বাবার লাশ শনাক্ত করেন।

রাশেদুল হাসান টিটু বলেন, মুক্তিযুদ্ধ করার সময় বাবার মৃত্যু হয় নাই। জীবনের শেষ প্রান্তে এসে স্বাধীন দেশে এভাবে মৃত্যুবরণ জাতি মেনে নিতে পারে না। এর জন্য আমার বাবা দেশ স্বাধীন করেননি। আমি খুনিদের খুঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছি।

এ বিষয়ে টাঙ্গাইল সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সায়েদুর রহমান জানান, প্রবীণ আইনজীবীকে খুঁজতে পুলিশ সব ধরণের চেষ্টা করেছে। নিখোঁজের পাঁচদিন পর লাশ উদ্ধার হলো। এখন আমরা খুনিদের দ্রুতই খুঁজে বের করব।

এর আগে বৃহস্পতিবার তার সন্ধান দাবিতে জেলা অ্যাডভোকেট বার সমিতির আদালত চত্বরে মানববন্ধন কর্মসুচি পালন করা হয়। তাকে দ্রুত খুঁজে বের করার জন্য আইনশৃঙ্খলা বাহিনীর প্রতি আহবান জানান আইনজীবী সমিতির নেতৃবৃন্দ। তার আগে বুধবার টাঙ্গাইল প্রেস ক্লাবের বঙ্গবন্ধু মিলনায়তনের নিখোঁজ হাসান আলী রেজার সন্ধান

চেয়ে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন কৃষক শ্রমিক জনতা লীগের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক হাবিবুর রহমান তালুকদার খোকা বীর প্রতীক। ওই সময় উপস্থিত ছিলেন জেলা কৃষক শ্রমিক জনতা লীগের সাবেক সভাপতি এএইচএম আব্দুল হাই, কেন্দ্রীয় নেতা এটিএম সালেক হিটলু, নিখোঁজ হাসান আলী রেজার স্ত্রী রাবেয়া হাসান, মেয়ে মাহমুদা হাসান মিতু, ছেলে রাশেদুল হাসান টিটু ও মাহমুদুল হাসান লিটুসহ জেলা কৃষক শ্রমিক জনতা লীগের নেতাকর্মীরা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে হাবিবুর রহমান তালুকদার জানান, ৭৬ বছর বয়সী অ্যাডভোকেট হাসান আলী রেজা টাঙ্গাইল শহরের সাবালিয়া এলাকার বাসা থেকে চা খাওয়ার জন্য বের হন। এর পর ওই এলাকার একটি সিসি ক্যামেরার ফুটেজে দেখা যায় হেলমেট ও রেইনকোর্ট পরিহিত এক যুবকের মোটর সাইকেলে চড়ে যাচ্ছেন তিনি। তারপর থেকে আর তাকে খুঁজে পাওয়া যাচ্ছে না।